



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

www.mymensingheducationboard.gov.bd



## ২০২০ সালের জেএসসি পরীক্ষার শিক্ষার্থীদের Online এ ফরম পূরণের বিজ্ঞপ্তি

স্মারক নম্বর: ময়শিবো/পনি/উমা/১০/০২/১৯/২৭০

তারিখ : ১৯/০১/২০২১

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর আওতাধীন সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২০ সালের জেএসসি/জেডিসি পরীক্ষা গ্রহণ না করে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের মূল্যায়নের ভিত্তিতে নবম শ্রেণিতে উত্তীর্ণ করা হয়েছে। ইতোমধ্যে এসকল শিক্ষার্থীদের জেএসসি/জেডিসি পরীক্ষার উত্তীর্ণ-সনদ প্রদানের সিদ্ধান্তও গৃহীত হয়েছে। শিক্ষার্থীদের জেএসসি/জেডিসি পরীক্ষার উত্তীর্ণ-সনদ প্রদানের লক্ষ্যে Online এ ফরম পূরণের নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

1. **Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শন :** শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.mymensingheducationboard.gov.bd) এ ২৮/০১/২০২১ তারিখে দেয়া হবে। **উক্ত সম্ভাব্য তালিকা হতে ৩১/০১/২০২১ থেকে ০৮/০২/২০২১ তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত ধাপ অনুসরণ পূর্বক ফরম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে।**

(ক) প্রতিষ্ঠান সমূহকে ময়মনসিংহ বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে JSC (s.m) এ ক্লিক করে EIIN ও Password দিয়ে প্রবেশ করতে হবে। Form fill up বাটনে ক্লিক করে Probable Form fill up list এ যেতে হবে।

(খ) Probable list থেকে সঠিক শিক্ষার্থী Select করে Add to Temporary List এ যুক্ত করতে হবে।

(গ) Temporary List ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে Temporary List থেকে Delete করা যাবে।


(ঘ) **Final submit** বাটন এ ক্লিক করে অবশ্যই **Final submit** করতে হবে। অন্যথায় ফরম পূরণ সম্পন্ন হবে না।

(ঙ) Final submit সম্পন্ন না হলে উত্তীর্ণ সনদ দেয়া হবে না।

(চ) **Final List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করে প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। এক (০১)

কপি নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং আগামী ১৬/০২/২০২১ তারিখের মধ্যে শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

2. ফরম পূরণ করতে কোন 'ফি' প্রয়োজন হবে না।



(মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৫৩৩৩৫, মোবাইল-০১৩০৯০০১৯৮৪

Email:conbisemym@gmail.com

অনুলিপি প্রেরিত হলো :

সদয় জ্ঞাতার্থে :

1. সচিব মহোদয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
2. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
3. ময়মনসিংহ শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।

কার্যার্থে :

1. উপ-পরিচালক (হি: ও নি:), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
2. বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
3. সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
4. ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন জেএসসি পরীক্ষা- সংশ্লিষ্ট সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।
5. অফিস কপি।